

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০১.১৫-৫৮৫

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৬ ব.
১৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের কনটেম্পট পিটিশন নং- ৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ হতে উদ্ধৃত) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করণের নিমিত্ত সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০১.১৫-৪৫৬,
(২) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০১.১৫-৫০৮,
(৩) ডিএমই এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-৩৪৮,

তারিখ: ০৮/০৯/২০১৯ খ্রি.
তারিখ: ০১/১০/২০১৯ খ্রি.
তারিখ: ০৩/১১/২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন শরিফপুর দাখিল মাদ্রাসা'র সুপার, জনাব মো: ওমর ফারুক কর্তৃক ২০০৯-২০১০ অর্থ বছর হতে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বকেয়াসহ প্রদানের দাবীতে কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলা হতে উদ্ধৃত) মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় সরকার পক্ষে জবাব (compliance) দাখিলসহ গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি জানানোর জন্য টিএমইডি হতে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে ডিজি, ডিএমই-কে অনুরোধ জানানো হয়েছিল। উক্ত পত্রের জবাব না পাওয়ায় গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি জানানোর জন্য টিএমইডি হতে সূত্রোক্ত (২) নং স্মারকে দ্বিতীয়বার ডিএমই-কে অনুরোধ জানানো হয়।

০২। তৎপ্রেক্ষিতে ডিএমই-এর বিজ্ঞ আইনজীবী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলা হতে উদ্ধৃত) মামলায় সরকার পক্ষে জবাব (compliance) প্রস্তুত করা হয়েছে মর্মে সূত্রোক্ত (৩) নং পত্রে উল্লেখ করা হয়েছে। উক্ত জবাব (compliance) সংশ্লিষ্ট আদালতে দাখিলের জন্য সচিব মহোদয় কর্তৃক ওকালতনামায় স্বাক্ষর করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৩৩৪/২০১৯ (রিট পিটিশন নং-৬২২৭/২০১০ মামলা হতে উদ্ধৃত) মামলায় সরকার পক্ষে জবাব (compliance) দাখিলের নিমিত্ত সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো। সে সাথে কনটেম্পট পিটিশনার এর এমপিও চালু হওয়াসহ এ বিষয়ে সরকার কর্তৃক গৃহীত কার্যক্রম সংক্রান্ত তথ্য মহামান্য কোর্ট-কে অবহিতের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্ত: ওকালতনামা-০১ পাতা।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।